# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

**স্থাপিত - ১৯৮৪**

BOESL

**বিজ্ঞপ্তি নম্বর: ৪৯.০২.০০০০.০০০.০০০.০৪.০০০৪.২৬-২৭০৭** **তারিখ: ১৯.০৮.২০২৬**

## সরকারিভাবে সৌদি আরবে দক্ষ পুরুষ ট্যাক্সি ড্রাইভার (Taxi Driver) পদে বাংলাদেশি কর্মী নিয়োগের লক্ষ্যে সরাসরি সাক্ষাৎকারসহ প্র্যাকটিক্যাল টেস্ট (Practical Test)-এর নিয়োগ বিজ্ঞপ্তি

**বোয়েসেল-এর মাধ্যমে সৌদি আরবের TAXI QAID COMPANY-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে:**

| ক্রম | পদের নাম | সংখ্যা | মাসিক মূল বেতন |
|---|---|---|---|
| ০১. | ট্যাক্সি ড্রাইভার (Taxi Driver) | ১০০ (একশত) জন | মাসিক মূল বেতন ৩০০+৮০০ সৌদি রিয়াল |

**চাকরির শর্তাবলি:**

(১) চাকরির চুক্তি ০২ (দুই) বছর।
(২) কর্মস্থল মক্কা (Makkah)
(৩) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন।
(৪) শিক্ষানবিশ কাল ৬ (ছয়) মাস।
(৫) দুই (২) বছর পর যাওয়া-আসার বিমান টিকিট কোম্পানি বহন করবে।
(৬) ২ বছরে ৪২ (বিয়াল্লিশ) দিনের বেতনসহ ছুটি।
(৭) নিয়োগকর্তা কর্তৃক থাকা, প্রাথমিক চিকিৎসা ও যাতায়াত ব্যবস্থা করা হবে।
(৮) ওভারটাইম সৌদি শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য।
(৯) অভিজ্ঞতা ২ বছর।
(১০) বয়স ২০-৩৯ বছর।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:**

নিয়োগকর্তা কর্তৃক চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা উত্তীর্ণদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ, ভ্যাট, এআইটি, বীমা, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি, মেডিকেল টেস্ট ফি, ভিসা ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ সাকুল্যে ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ঁষট্টি হাজার) টাকা এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার পে-অর্ডার "বোয়েসেল, ঢাকা" নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখা থেকে সম্পন্ন করে বোয়েসেলে মূল কপি জমা দিতে হবে। ২ (দুই) বছর কর্মকাল সুষ্ঠুভাবে সম্পন্নের পর জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের পূর্বে কোন কর্মী কোম্পানি হতে পলায়ন করলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা হবে। জামানতের টাকা, দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে। নির্ধারিত ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ঁষট্টি হাজার) টাকা পে-অর্ডারের বাহিরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থ দাবি করলে নিশ্চিত প্রতারক হিসেবে বিবেচিত হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:**

(১) ১২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে, মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি এবং পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১ বছর থাকতে হবে, (৩) ড্রাইভিং লাইসেন্সের মূল কপি, শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৪) ভোটার আইডির (মূল কপি ও ১ সেট ফটোকপি) কপিসহ উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আগ্রহী প্রার্থীদের আগামী **২১ ও ২২ আগস্ট ২০২৬ তারিখ, রোজ শুক্রবার ও শনিবার, সকাল ০৯:০০ ঘটিকার** মধ্যে সাক্ষাৎকারসহ প্র্যাকটিক্যাল টেস্ট প্রদানের জন্য **বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বিকেটিটিসি), দারুস সালাম,** মিরপুর ১, ঢাকায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫ (পিএবিএক্স) +৮৮-০১৭৬৫৪১১৬৫৩ (মোবাইল) নম্বরে রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

**বি.দ্র.:** চাকরিতে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে আবশ্যিকভাবে সাক্ষাৎকার এবং ব্যবহারিক পরীক্ষায় (Practical Test) উত্তীর্ণ হতে হবে। কর্মী নির্বাচনের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং এটি কোনোভাবেই চাকুরির নিশ্চয়তা প্রদান করে না।

**নগদ লেনদেন থেকে বিরত থাকুন। প্রতারণা থেকে সাবধান।**

**বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।**
(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)।

১৯/০৮/২৬
মোছাঃ নাজমুন নাহার
ডিজিএম (প্র. মা. অ.)